দৈনিক সংবাদ

147

08 DEC 1991
তারিখ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ...

১৩

# সরকারী বদরুন্নেছা কলেজ বন্ধ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

জাতীয়তাবাদী ছাত্র দল ও ছাত্রলীগের (আ-অ) সমর্থকদের মধ্যে হাতাহাতি ও উত্তেজনার কারণে সরকারী-বদরুন্নেসা মহিলা কলেজ আগামী ২৩শে ডিসেম্বর পর্যন্ত বন্ধ ঘোষণা করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন কলেজ ছাত্রীসংসদ নির্বাচনের দাবীতে ইডেন

বদরুন্নেছা : পৃঃ ১১ কঃ ৩

## বদরুন্নেছা : কলেজ বন্ধ

(১ম পাতার পর)

কলেজ থেকে জাতীয়তাবাদী ছাত্রদলের একদল সমর্থক বদরুন্নেসা কলেজে গেলে ছাত্রলীগ (আ-অ) কর্মীরা বাধা দেয়। উভয় পক্ষের মধ্যে কথাকাটাকাটির এক পর্যায়ে তা হাতাহাতি ও চুলোচুলিতে রূপ নেয়। পরে কলেজ কর্তৃপক্ষের হস্তক্ষেপের ফলে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। কলেজ কর্তৃপক্ষ ইডেন কলেজের ছাত্রীদের বের করে দিয়ে কলাপসিবল গেট বন্ধ করে দেন। এসময় বাইরে থেকে ছাত্রদলের সমর্থক একদল যুবক চিৎকার করে ছাত্রলীগ কর্মীদের অকথ্য ভাষায় গালি-গালাজ করে। পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য কর্তৃপক্ষের আহ্বানে ঘটনাস্থলে পুলিশ অবস্থান নেয়।

ছাত্রদল সূত্রে অভিযোগ করা হয়েছে যে ছাত্রদলের একটি পোস্টার ছেঁড়ার ঘটনাকে কেন্দ্র করে এই হাতাহাতি হয়।